গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাজেট শাখা-১

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২৩ অর্থ বছরে সম্পাদিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব মো: রফিকুল ইসলাম
যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সভার তারিখ: ২৯.০৯.২০২২ সময়ঃ দুপুর ১.৩০ ঘটিকা
সভার স্থান: মন্ত্রণালয়ের সভাকক্ষ

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে কমিটির সদস্য সচিব জনাব জেসমিন নাহার, সিনিয়র সহকারী সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩ এর সাথে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ সংযুক্ত হয়েছে। মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার উপস্থিত প্রতিনিধিবৃন্দকে শুদ্ধাচারসহ এপিএ বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সূচকসমূহ নিয়ে পর্যায়ক্রমে আলোচনা করা হয়। কর্মসম্পাদন সূচক ভিত্তিক মন্ত্রণালয়ের প্রথম কোয়ার্টারের অর্জন নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলো:

| ক্রমিক | বিষয় | মোট লক্ষমাত্রা | ১ম কোয়াঃ লক্ষমাত্রা | ১ম কোয়াঃ অর্জন |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | ৪টি | ১টি | ১টি |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ২টি | - | - |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ১৪০ জন | ৫০ | ৫০ |
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | ২টি | - | - |
| ১.৬ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ৩টি<br>৩০/১০/২২<br>৩১/০১/২৩<br>৩০/০৪/২৩ | - | - |
| ২.১ | ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ৩১/০৭/২২ | ৩১/০৭/২২ | ৩১/০৭/২২ |
| ২.২ | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | ১০০%<br>৪৪,১১৭<br>হাজার | ১০%<br>(৪,৪১২) | ১০%<br>(৪,৪১২) |
| ২.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ১০০% | ১০% | ১০% |
| ২.৪ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ৫৬<br>(PSC<br>৫৬টি) | ৮ | ৮ |
| ২.৫ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ৩১/০৮/২২<br>২৮/০২/২২ | ১<br>৩২ | ১ |
| ৩.১ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | ১০০% | ১০০% | ১০০% |
| ৩.২ | পরিবেশ ছাড়পত্র প্রক্রিয়া নিরীক্ষাকরণ | ৪ | ১ | ১ |
| ৩.৩ | জবরদখলকৃত বনের জমি হতে উচ্ছেদ প্রক্রিয়া নিরীক্ষাকরণ | ৪ | ১ | ১ |
| ৩.৪ | সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র নিরসনে উপকারভোগীর মধ্যে | ৪ | ১ | ১ |

| ক্রমিক | বিষয় | মোট লক্ষমাত্রা | ১ম কোয়াঃ লক্ষমাত্রা | ১ম কোয়াঃ অর্জন |
|---|---|---|---|---|
| | লভ্যাংশ বিতরণ প্রক্রিয়া নিরীক্ষাকরণ | | | |

২। ১ম কোয়ার্টারের অর্জনসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল দপ্তর/সংস্থা/শাখাকে আরও আন্তরিকতার সাথে কাজ করার ওপর গুরুত্বারোপ করা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য়/৩য় ও ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থাকে তৎপর হতে হবে;

খ. দপ্তর/সংস্থার কার্যক্রমের সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা জড়িত থাকায় প্রতিটি সূচক যেন নির্ধারিত সময়ে অর্জন করা যায় এ বিষয়ে দপ্তর/ সংস্থার প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

গ. প্রতিটি সূচকের অর্জনের বিপরীতে যথাযথ প্রমাণক সংরক্ষণ এবং তা যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি দপ্তর/সংস্থার প্রধানগণ নিশ্চিত করবেন;

ঘ. কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঙ. প্রতি কোর্য়াটারের অর্জন ও প্রতিবেদন যথাসময়ে দপ্তর/সংস্থা এ মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;

৪। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

(মো: রফিকুল ইসলাম)
যুগ্মসচিব
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নম্বরঃ ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.

তারিখ: ০২/১০/২০২১ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)
২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা
৬। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ৭৩, মতিঝিল, ঢাকা
৭। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা
৮। প্রধান বন সংরক্ষক(চ: দা:), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৯। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম
১০। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১১। সিস্টেম এনালিষ্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

02.10.2022

(জেসমিন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২১০